

সভার আলোচ্য বিষয়সমূহ ও সিদ্ধান্তসমূহঃ

আলোচ্য বিষয় ০১। জানুয়ারী-জুন/২০২০ সেমিস্টারের ফাইনাল পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়ে ছাত্র-ছাত্রীদের আবেদন প্রসঙ্গে।

সিদ্ধান্তঃ জানুয়ারী-জুন/২০২০ সেমিস্টারের ফাইনাল পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়ে ছাত্র-ছাত্রীদের আবেদনের পারিপার্শ্বিক বিবেচনা করতঃ ১১/০২/২০২১ইং এর পরিবর্তে আগামী ১২/০৪/২০২১ইং তারিখ হতে পরীক্ষা শুরু করার নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়। তবে উক্ত সেমিস্টারে সকল বিভাগের সিটি পরীক্ষাদায় ও কুইজ সমূহ অবশ্যই ১১/০৪/২০২১ইং এর মধ্যে অর্থাৎ চূড়ান্ত পরীক্ষা শুরু করার পূর্বে শেষ করতে হবে। উল্লেখ্য যে, পরীক্ষায় অবতীর্ণ হওয়ার ফরম যথারীতি পূর্বের নির্ধারিত তারিখ মোতাবেক ডীন, পিজিএস কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত বহাল রাখা হয়।
পরিবর্তনকৃত তারিখ মোতাবেক পরীক্ষার নতুন রুটিন যথাসময়ে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস কর্তৃক জানিয়ে দেয়া হবে/নোটিশ আকারে প্রকাশ করা হবে।

PCMC office Menurs 2014.doc.

বিবিধঃ ০১। জুলাই-ডিসেম্বর/২০২০ এর এনরোলমেন্ট প্রসঙ্গে।

আলোচ্য সূচী

সিদ্ধান্তঃ

যেহেতু পূর্বের সমাপ্তকৃত সেমিস্টার জানুয়ারী-জুন/২০২০ এর পরীক্ষা পিছানো হয়েছে এবং বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক পরিস্থিতি ফিরে না আসাতে উক্ত সেমিস্টারের এনরোলমেন্ট এর তারিখ জানুয়ারী-জুন/২০২০ এর সেমিস্টার ফাইনাল পরীক্ষা শেষ হওয়ার ২-৩ দিনের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ

০২। ছাত্র-ছাত্রীদের Out Line of Research Work (ORW) / Synopsis বিভাগীয় একাডেমিক

আলোচ্য সূচী

কমিটির মতামত নেয়া প্রসঙ্গে।

সিদ্ধান্তঃ

বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমেট অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় একাডেমিক কমিটির সম্মুখে উপস্থাপন করতঃ এবং উপস্থাপনকৃত ORW কোন কিছু সংশোধনের প্রয়োজন হলে তা সংশোধন করে অনুমোদনের জন্য ডীন, পিজিএস কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ

০৩। জানুয়ারী-জুন/২০২০ সেমিস্টারে নতুন ছাত্র-ছাত্রী ভর্তি প্রসঙ্গে।

আলোচ্য সূচী

সিদ্ধান্তঃ

আন্ডার গ্রাজুয়েট লেভেল-৪ সেমিস্টার-২ এর পরীক্ষার ফলাফল প্রকাশ সাপেক্ষে জানুয়ারী-জুন/২০২০ সেমিস্টারে নতুন ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ডীন, পিজিএস কার্যালয় ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রফেসর ড. আলোক কুমার পাল)

ডীন

পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়